

সামিট এইবার নিয়ে টানা পাঁচবার সেরা বেসরকারী বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানের পুরস্কার পেল



ফটো ক্যাপশন: আজ সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে থেকে দ্রুততম সময়ে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের স্বীকৃতিস্বরূপ সেরা বেসরকারী বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানের পুরস্কার গ্রহণ করেন বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৮- এর উদ্বোধনী অনুষ্ঠানে।

(ঢাকা) সেপ্টেম্বর ০৬, ২০১৮: “বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৮” - এর উদ্বোধনী অনুষ্ঠানে, সামিট দেশের দ্রুততম সময়ে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের স্বীকৃতিস্বরূপ সেরা বেসরকারী বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানের পুরস্কার অর্জন করলো। সামিট মাত্র ৯ মাসে গাজীপুরের কড্ডায় ৩০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনা শেষ করে এবং বিদ্যুৎ সরবরাহ শুরু করে।

এইবার নিয়ে টানা পাঁচবার বেসরকারি বিদ্যুৎ উৎপাদন খাতে দেশের সর্বাধিক সম্মাননা অর্জন করলো সামিট। পূর্বের চারটি পুরস্কারগুলো ছিল, সামিট বরিশাল পাওয়ার লিমিটেড - ১২০ মেগাওয়াট (২০১৬), সামিট বিবিয়ানা ২ পাওয়ার কোম্পানী লিমিটেড - ৩৫২ মেগাওয়াট (২০১৫), সামিট মেঘনাঘাট পাওয়ার কোম্পানী লিমিটেড - ৩৩৭ মেগাওয়াট (২০১৪), সামিট পূর্বাঞ্চল পাওয়ার কোম্পানী লিমিটেড - ৭০ মেগাওয়াট (২০১৩)

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান মো. তাজুল ইসলাম এমপি, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ, এমপি সহ অন্যান্য বিশিষ্টজন।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান। ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩০৮১৯০৫।

<https://summitpowerinternational.com/press-release>